# ফজরের পর কেন্দ্রে গিয়ে ভোট নিশ্চিতের আহ্বান আসিফ মাহমুদের



এনসিপি নেতা আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া ভোটারদের আহ্বান জানিয়েছেন, ফজরের নামাজের পরই কেন্দ্রে গিয়ে নিজের পাশাপাশি আশপাশের সবার ভোট নিশ্চিত করতে। তাঁর মতে, সকালের এই সচেতন উপস্থিতি ফলাফলে বড় ভূমিকা রাখবে।

সোমবার রাতে পঞ্চগড় সদর উপজেলার সাতমেরা ফুলবাড়ি উচ্চ বিদ্যালয় মাঠে পঞ্চগড়-১ আসনের ১১ দলীয় জোটের প্রার্থী সারজিস আলমের জনসভায় তিনি এ কথা বলেন।

তিনি আরও বলেন, ফল ঘোষণা না হওয়া পর্যন্ত নেতা-কর্মীদের মাঠে থাকতে হবে। এক দিনের পরিশ্রম পাঁচ বছরের স্বস্তি আনতে পারে।

পরিবারভিত্তিক রাজনীতি ভাঙার প্রয়োজনীয়তার কথা তুলে ধরে তিনি বলেন, ভবিষ্যতে কৃষক, ক্ষুদ্র ব্যবসায়ী বা শ্রমজীবী মানুষের সন্তানও নেতৃত্বে আসার সুযোগ পাবে—এমন পরিবেশ গড়তে হবে।

একই সভায় সারজিস আলম উপস্থিতদের ন্যায় ও অন্যায়ের মধ্যে বিবেকের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়ার আহ্বান জানান।

LENS ASIA